**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/14/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের ষষ্ঠ রাউন্ডে সেন্ট্রাল নিউ ইয়র্কে 10 মিলিয়ন ডলার বরাদ্দ লাভের জন্য হোমার ভিলেজের বিজয়ী হওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***স্টেটের বিস্তৃত অর্থনৈতিক এবং কমিউনিটি প্রবৃদ্ধির কৌশলের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসাবে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ***

***হোমার ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করতে অধিবাসী, কমিউনিটি নেতৃবৃন্দ ও সরকারি কর্মকর্তাদের সাথে স্টেট একসঙ্গে কাজ করবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative) ষষ্ঠ রাউন্ডে সেন্ট্রাল নিউ ইয়র্কের বিজয়ী হিসেবে হোমার ভিলেজ 10 মিলিয়ন ডলারের তহবিল লাভ করবে। DRI-এর রাউন্ড 6-এর জন্য, স্টেটের 10টি অর্থনৈতিক উন্নয়ন অঞ্চলের প্রতিটি 10 মিলিয়ন ডলারের তহবিল পেতে যাচ্ছে, যা ডাউনটাউনগুলোকে প্রাণবন্ত অঞ্চলে রূপান্তর করার মাধ্যমে কমিউনিটিগুলোকে তাদের অর্থনীতি শক্তিশালী করতে সাহায্য করার উদ্দেশ্যে স্টেটের তরফ থেকে বরাদ্দকৃত ও বিনিয়োগকৃত মোট 100 মিলিয়ন ডলারের তহবিলের অংশ।

"আমাদের ডাউনটাউনগুলো আমাদের স্থানীয় অর্থনীতিতে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে সেগুলোকে পুনরুজ্জীবিত করার জন্য আমরা সাধ্যমতো কাজ করে যাচ্ছি," **বলেছেন গভর্নর হোকল।** "হোমার ভিলেজে এই 10 মিলিয়ন ডলারের বিনিয়োগ ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য এই কমিউনিটিকে উন্নত করতে সাহায্য করবে এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের জীবনযাত্রা এবং আঞ্চলিক অর্থনীতি পুনর্নির্মাণ করবে।"

DRI ডাউনটাউনের আশেপাশের অঞ্চলগুলোকে উচ্চ মানের জীবন যাপনের সুযোগ প্রদান করে এবং ব্যবসা, কর্মসংস্থান ও অর্থনৈতিক ও আবাসনের বৈচিত্র্যকে আকৃষ্ট করে এমন একটি প্রাণবন্ত ক্রিয়াকলাপের কেন্দ্রস্থলে রূপান্তর করার মাধ্যমে স্টেটের অর্থনৈতিক উন্নয়নের নীতিমালার একটি ভিত্তি হিসেবে কাজ করছে। DRI-এর অতীতের রাউন্ডগুলির মতোই, প্রতিটি নির্বাচিত কমিউনিটি ডাউনটাউন পুনরুজ্জীবিত করার একটি ভিশন সুস্পষ্টভাবে উল্লেখ করে এবং ডাউনটাউনকে রূপান্তর করার এবং আরও বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগানোর সম্ভাবনা রয়েছে এমন কিছু স্বকীয় প্রকল্প সনাক্ত করে এমন একটি বটম-আপ,

কমিউনিটি-ভিত্তিক পরিকল্পনা প্রক্রিয়ার মাধ্যমে একটি কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করবে। স্টেট বিভাগ (Department of State) এরপর পুনরুজ্জীবনকে শুরু করার এবং সম্প্রদায়ের ভিশন বাস্তবায়ন করার সর্বাধিক সম্ভাবনাসহ নির্বাচিত প্রকল্পসমূহকে DRI তহবিল প্রদান করবে।

**হোমার**

হোমার হচ্ছে কুইন্টেসেনশিয়াল আমেরিকানা, যেখানে রয়েছে একটি প্রশস্ত মেইন স্ট্রিট যার দুই ধারে রয়েছে সুবিশাল বৃক্ষ ও ঐতিহাসিক ম্যানশনসমূহ যা এই ভিলেজের ঐতিহাসিক সবুজ স্থানটির দিকে যাওয়ার পথ তৈরি করেছে। হোমারের সেন্টার ফর আর্টস পারফর্মিং আর্টসের একটি আঞ্চলিক গন্তব্যস্থলে পরিণত হয়েছে, ভবনগুলো পুনঃউন্নয়ন করে অনন্য আবাসিক ইউনিট তৈরি করা হয়েছে এবং বেসরকারি ডেভেলপারদের নতুন বিনিয়োগ গতিশীলতাকে সামনে এগিয়ে নিচ্ছে। হোমার ভিলেজ ভিলেজের সুগঠিত, হেঁটে চলাচলের উপযুক্ত 270-একর আয়তনের একটি অংশকে এটির DRI বিনিয়োগের এলাকা হিসেবে নির্ধারণ করেছে। এই এলাকার মধ্যে ওল্ড হোমার ন্যাশনাল রেজিস্টার হিস্টোরিক ডিস্ট্রিক্ট এবং জোনকৃত সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট উভয়টি অন্তর্ভুক্ত রয়েছে, যার মধ্যে ভিলেজের সবুজ স্থানটি অন্তর্ভুক্ত, এবং এখানে আবাসিক, বাণিজ্যিক, নাগরিক ও ধর্মীয় অবকাঠামোর একটি মিশ্রণ রয়েছে। এই এলাকা ভিলেজটির কেন্দ্রে অবস্থিত, যেখানে ডাউনটাউন এলাকার প্রধান গেটওয়ে রয়েছে এবং এটি বিনিয়োগের জন্য দারুণ সম্ভাবনা প্রদান করছে।

হোমার 21 শতকের উপযোগী একটি ডাউনটাউন গড়ে তোলার জন্য এটির ঐতিহাসিক ভবন, সাংস্কৃতিক আকর্ষণসমূহ, এবং নদীর তীরবর্তী এলাকার সুবিধাকে কাজে লাগাতে চায়। সেই লক্ষ্য অর্জনের জন্য, ভিলেজটি এটির নাগরিকদের, অলাভজনক সংস্থাগুলোকে এবং ডেভেলপমেন্ট কমিউনিটিকে ভবিষ্যতের একটি রূপকল্প বাস্তবায়নের জন্য সম্পৃক্ত করেছে, যেটি ওয়াটারফ্রন্টকে পুনরায় সক্রিয় করবে, ঐতিহাসিক ভবনগুলো সংস্কার করবে, ভিলেজের সাংস্কৃতিক সম্পদকে সম্প্রসারণ করবে, নতুন কর্মসংস্থানের সুযোগ-সুবিধা তৈরি করবে, স্থিতিশীলতা বৃদ্ধি করবে, জনসমাগমের স্থানগুলোকে নতুনভাবে সাজাবে এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের রত্নতুল্য এই স্থানটিকে ঠিকানা হিসেবে বেছে নেওয়ার জন্য নতুন অধিবাসীদেরকে আকৃষ্ট করবে।

সেন্ট্রাল নিউ ইয়র্কের আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল এই অঞ্চলের কমিউনিটিগুলোর জমা দেয়া প্রস্তাবগুলোর একটি পুঙ্খানুপুঙ্খ ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা প্রক্রিয়া সম্পন্ন করেছে এবং হোমারকে মনোনীত হিসেবে সুপারিশ করার আগে নিচের সবগুলো শর্ত বিবেচনা করেছে:

- ডাউনটাউনটি সুনির্দিষ্ট পরিসীমা-বিশিষ্ট ও নিবিড়ভাবে বিন্যস্ত;
- ডাউনটাউনটি পূর্বের বা ভবিষ্যতের বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগাতে সক্ষম;
- ডাউনটাউনের মধ্যে, অথবা ডাউনটাউনের নিকটবর্তী এলাকায় কর্মসংস্থানের সাম্প্রতিক বা আসন্ন বৃদ্ধি ঘটার সুযোগ থাকা, যা কর্মীদেরকে আকৃষ্ট করতে পারবে, পুনঃউন্নয়নে সহায়তা করবে এবং টেকসই সমৃদ্ধি বয়ে আনবে;
- ডাউনটাউনটি বৈচিত্র্যপূর্ণ জনগোষ্ঠীর জন্য একটি আকর্ষণীয় ও বাসযোগ্য কমিউনিটি;

- মিউনিসিপ্যালিটিকে অবশ্যই ইতোমধ্যে বসবাসের উপযুক্ততা ও জীবনের মান বৃদ্ধি করবে এমন নীতিমালা গ্রহণ করে থাকতে হবে অথবা এমন নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করার সক্ষমতা থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি একটি উন্মুক্ত ও শক্তিশালী কমিউনিটির সম্পৃক্ততা প্রক্রিয়া পরিচালনা করেছে, যার ফলে ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের একটি ভিশন এবং প্রকল্প ও উদ্যোগগুলোর একটি প্রাথমিক তালিকা পাওয়া গেছে;
- মিউনিসিপ্যালিটির DRI প্রক্রিয়ার ব্যবস্থাপনার জন্য স্থানীয় সক্ষমতা থাকতে হবে; এবং
- মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরমূলক প্রকল্পগুলোকে শনাক্ত করেছে যেগুলো DRI তহবিল পেলেই নিকটবর্তী-মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তুত হয়ে যাবে।

হোমারকে স্থানীয় পরিকল্পনা প্রক্রিয়া অনুযায়ী এটির ডাউনটাউনের এলাকাগুলো পুনরুজ্জীবিত করা এবং দীর্ঘমেয়াদী সমৃদ্ধির জন্য নতুন সুযোগ তৈরি করার জন্য 10 মিলিয়ন ডলারের স্টেট তহবিল ও বিনিয়োগ প্রদান করা হয়েছে। হোমার ওসওয়েগো, কোর্টল্যান্ড, অউবার্ন, ফুল্টন, ওনেইডা ও সিরাকিউসের সঙ্গে যোগ হচ্ছে, যারা DRI-এর প্রথম পাঁচ রাউন্ডে সেন্ট্রাল নিউ ইয়র্কে বিজয়ী হয়েছে।

হোমার DRI অনুদানের 10 মিলিয়ন ডলার থেকে 300,000 ডলার পর্যন্ত পরিকল্পনা তহবিলে বরাদ্দ করে এটির ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়নের প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, কমিউনিটির নেতৃবৃন্দ, ও অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি বেসরকারি খাতের একদল বিশেষজ্ঞ ও স্টেট পর্যায়ের পরিকল্পনাকারীদের সহায়তা নিয়ে এই প্রচেষ্টায় নেতৃত্ব দেবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় স্থানীয় সংস্থান ও সুযোগগুলো পরীক্ষা করা হবে এবং ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী অর্থনৈতিক উন্নয়ন, পরিবহন, আবাসন, ও কমিউনিটি প্রকল্পগুলো সনাক্ত করবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা ডাউনটাউনের জন্য কমিউনিটির ভিশনকে অগ্রসর করবে এবং স্টেটের তরফ থেকে দেওয়া এই 10 মিলিয়ন ডলারের বিনিয়োগ কাজে লাগাতে ও সম্প্রসারণ করতে পারবে এমন পুনরুজ্জীবিতকরণ প্রকল্পগুলোতে DRI অনুদানের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে পথ প্রদর্শন করবে। DRI এর ষষ্ঠ রাউন্ডের পরিকল্পনাগুলো 2023 সালে সম্পূর্ণ হবে।

**সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন,** "হোমার ভিলেজ এটির ঐতিহাসিক ভবন, সাংস্কৃতিক আকর্ষণ এবং নান্দনিক ল্যান্ডস্কেপগুলো নিয়ে সেন্ট্রাল নিউ ইয়র্কের একটি রত্ন হয়ে আছে। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের এই তহবিল হোমারকে এটির ওয়াটারফ্রন্ট পুনরায় সক্রিয় করার এবং 21 শতকের উপযোগী একটি ডাউনটাউন গড়ে তোলার সুযোগ প্রদান করবে, যা এই ঐতিহাসিক ভিলেজকে এই অঞ্চল ও স্টেটের সমস্ত অংশ থেকে আসা দর্শনার্থীদের জন্য একটি আদর্শ গন্তব্যস্থলে পরিণত করবে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন,** "হোমারের টার্গেটকৃত, দূরদৃষ্টিসম্পন্ন পরিকল্পনা এই আকর্ষণীয় ভিলেজের ঐতিহাসিক অতীত এবং এটির উদ্দীপনাপূর্ণ ভবিষ্যতের পূর্ণ সুবিধাকে কাজে লাগাচ্ছে। এই DRI তহবিল এই

কমিউনিটির সাহসী রূপকল্পকে আরো সমৃদ্ধ করতে সাহায্য করবে, যা এই নান্দনিক ওয়াটারফ্রন্ট এলাকায় সুচিন্তিত অর্থনৈতিক উন্নয়ন প্রচেষ্টা পরিচালনা করবে এবং আগামী বছরগুলোতে দর্শনার্থীদেরকে হোমারে আসার জন্য আকৃষ্ট করবে।"

**হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রূথ অ্যান ভিসনাউকাস বলেন,** "ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ নিউ ইয়র্কবাসীদেরকে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে আমাদের ডাউনটাউনগুলোতে ফিরিয়ে নিয়ে আসা, সাশ্রয়ী আবাসনের সুযোগ-সুবিধা সম্প্রসারণ করা, এবং আরো সমতাপূর্ণ এলাকা গড়ে তোলার মাধ্যমে স্টেটজুড়ে কমিউনিটিগুলোতে একটি রূপান্তরমূলক প্রভাব রেখে আসছে। এই অর্জনের জন্য হোমারকে ধন্যবাদ যা এই ভিলেজের ঐতিহাসিক ডাউনটাউন ও নদীর তীরবর্তী অঞ্চলকে আগের অবস্থায় ফিরিয়ে নিয়ে যাবে এবং বর্তমান ও ভবিষ্যত অধিবাসীদের জন্য জীবনযাপনের মান উন্নত করবে।"

**সেন্ট্রাল নিউ ইয়র্ক আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের কো-চেয়ার র‍্যান্ডি ওলকেন, সেন্ট্রাল নিউ ইয়র্কের ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের (Manufacturers Association of Central New York) প্রেসিডেন্ট ও CEO এবং লে ময়েন কলেজের প্রেসিডেন্ট লিন্ডা এম. লেমুরা বলেন,** "সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলের জন্য DRI অনুদানের সর্বসাম্প্রতিক গ্রহীতা হিসেবে হোমার ভিলেজের নাম আসায় আমরা অনেক বেশি আনন্দিত। সুন্দর এই কমিউনিটি এটির মনোযোগ নিবদ্ধ করা, কৌশলগত পরিকল্পনা বাস্তবায়নের কাজ শুরু করার জন্য প্রস্তুত রয়েছে, যে পরিকল্পনার লক্ষ্য হলো বিনিয়োগ আকর্ষণ করা এবং ভিলেজটির ঐতিহাসিক বিজনেস ডিস্ট্রিক্টের প্রাণকেন্দ্রকে পুনরুজ্জীবিত করা ও পুনঃউন্নয়ন করা।"

**অ্যাসেম্বলিম্যান জেফ গালাহান বলেন**, "হোমার ডাউনটাউন পুনরুজ্জীবীতকরণ উদ্যোগ এবং 10 মিলিয়ন ডলারের তহবিল পাওয়ার যোগ্য। আপস্টেটের নিউ ইয়র্কের ভবিষ্যতের জন্য এটি একটি উদ্দীপনাপূর্ণ বিনিয়োগ। এসব তহবিল অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো উন্নয়নের সহায়তা করবে যা কর্মসংস্থান সৃষ্টিকারী ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে আকৃষ্ট করতে ও ধরে রাখতে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। একসঙ্গে কাজ করার মাধ্যমে, আমরা আমাদের স্টেটকে উন্নত করা এবং আমাদের স্থানীয় কমিউনিটিগুলোর জন্য অতি গুরুত্বপূর্ণ সহায়তা পৌঁছে দেওয়া অব্যাহত রাখতে পারবো।"

**হোমার ভিলেজের মেয়র হাল ম্যাককেব বলেন,** "হোমার ভিলেজের পক্ষ থেকে, আমি ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের তহবিল প্রদানের জন্য সেন্ট্রাল NY-এর হোমারকে বেছে নেওয়ার সিদ্ধান্তের জন্য গভীর কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই। এই তহবিল আমাদের নান্দনিক, বন্ধুত্বপূর্ণ, ঐতিহাসিক ভিলেজটি ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য সমৃদ্ধশীল ও অ্যাক্সেসযোগ্য থাকার বিষয়টি নিশ্চিত করবে। এসব অর্থায়নের কারণে এই অঞ্চলের সবচেয়ে গুরুত্বপূর্ণ কিছু ঐতিহাসিক কাঠামো সংরক্ষিত থাকবে, এবং সেইসাথে আমাদের বর্তমান অধিবাসীদের জন্য নতুন ব্যবসায়িক ও অর্থনৈতিক উন্নয়নের সুযোগ-সুবিধা তৈরি হবে। মাইক্রনের (Micron) আগমনের জন্য একটি অঞ্চল হিসেবে আমাদের প্রস্তুতি গ্রহণ করার এই সময়ে, DRI স্থানীয় প্রকল্পগুলোকেও সহায়তা করবে যা হোমারকে নতুন কর্মচারী ও তাদের

পরিবাররা ঠিকানা হিসেবে বেছে নিবে বলা প্রত্যাশা করা হচ্ছে এমন প্রিমিয়ার কমিউনিটিগুলোর একটির অবস্থানে নিয়ে যাবে। এই সম্মানের জন্য আমি গভর্নর হোকল এবং সেক্রেটারি অব স্টেট রডরিগেজকে অশেষ ধন্যবাদ জানাই।"

2016 সালে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ তৈরি করা হয়েছিল রাজ্যের সব দশটি অঞ্চলের শহরতলি এবং পাড়াগুলির পুনরুজ্জীবনকে ত্বরান্বিত করতে এবং বিস্তৃত করার জন্য কার্যকলাপের কেন্দ্র এবং বিনিয়োগের জন্য অনুঘটক হিসাবে কাজ করার জন্য। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এবং NYSERDA-এর সহায়তায় ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটারযোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে রাষ্ট্রের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহায্য করার একটি মূল উপাদান।

এই কর্মসূচির প্রথম চার বছরে, স্টেট পুনরুজ্জীবিতকরণের জন্য উপযুক্ত অবস্থায় রয়েছে এবং পুনঃউন্নয়ন, ব্যবসা, কর্মসংস্থান তৈরি, বৃহত্তর অর্থনৈতিক ও আবাসন সংক্রান্ত বৈচিত্র্য, ও সুযোগ-সুবিধাকে আকৃষ্টকারীতে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন 59টি ডাউনটাউনে 600 মিলিয়ন ডলার বিনিয়োগ করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে। ডাউনটাউনের যোগ্যতা ও রূপান্তরণের ভিত্তিতে অংশগ্রহণকারী কমিউনিটিগুলিকে স্টেটের 10-টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল মনোনীত করেছে। প্রতিটি সম্প্রদায়কে একটি ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা গঠন এবং পুনরুজ্জীবনের জন্য সম্প্রদায়ের ভিশনকে অগ্রসরকারী মুখ্য অনুঘটক প্রকল্পসমূহকে বাস্তবায়ন করা ও অতিরিক্ত বেসরকারি ও সরকারি বিনিয়োগ ব্যবহার করার জন্য 10 মিলিয়ন ডলার প্রদান করা হয়েছে।

DRI সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে৷

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418